

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ২. ২২. অবিয় রাজার মাতার নাম কী ছিল?

২ বংশাবলি দু' স্থানে দুটো সাংঘর্ষিক তথ্য দেওয়া হয়েছে। আবার এ দুটো পরস্পর বিরোধী তথ্যের সাথে শমূয়েলের বর্ণনার বৈপরীত্য বিদ্যমান।

শলোমনের মৃত্যুর পরে তার পুত্র রহবিয়াম প্যালেস্টাইনের রাজা হন। তার সময়ে ইহুদিরা দু' রাজ্যে বিভক্ত হয়ে যায়। দক্ষিণের যিহূদা বা এহুদা রাজ্যের নিয়ন্ত্রণ রহবিয়ামের হাতে থাকে। তার পরে তার পুত্র অবিয় যিহূদার রাজা হন। এ অবিয় সম্পর্কে ২ বংশাবলির ১৩/২ বলছে: “তাঁহার মাতার নাম মীখায়া, তিনি গিবিয়া-নিবাসী উরীয়েলের কন্যা।” আবার এ পুস্তকেরই ১১/২০ থেকে জানা যায় যে, তার মাতার নাম ‘মাখা, তিনি অবশালোমের কন্যা’। আর ২ শমূয়েল-এর ১৪/২৭ বলছে যে, অবশালোমের একটাই মাত্র কন্যা ছিল, যার নাম ছিল ‘তামর’।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=13979>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন